



# বাংলাদেশ ফুটবল ফেডারেশন

## BANGLADESH FOOTBALL FEDERATION

‘ওমেস অলিম্পিক ফুটবল টুর্নামেন্ট, প্যারিস ২০২৪, এশিয়ান কোয়ালিফায়ার্স, গ্রুপ-বি, রাউন্ড-১’ এর বাজেট সম্পর্কেঃ

‘ওমেস অলিম্পিক ফুটবল টুর্নামেন্ট, প্যারিস ২০২৪, এশিয়ান কোয়ালিফায়ার্স, গ্রুপ-বি, রাউন্ড-১’ এর খেলায় বাংলাদেশ মহিলা জাতীয় ফুটবল দলের অংশগ্রহণের লক্ষ্যে বিভিন্ন খরচ নির্বাহের জন্য অর্থের প্রয়োজন হলে গত ২৫ মার্চ ২০২৩ তারিখ বাংলাদেশ ফুটবল ফেডারেশন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নিকট ৯২.০০ লক্ষ টাকার একটি বাজেট পেশ করে। উক্ত বাজেটের বিভিন্ন খাত সম্পর্কে গত ১০ এপ্রিল ২০২৩ তারিখ বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রকাশিত/উপস্থাপিত তথ্য/উপাত্তসমূহ সম্পর্কে বাফুফের বক্তব্য নিম্নরূপঃ

- ১। বাফুফে থাই এয়ারওয়েজে জনপ্রতি বিমান ভাড়া ৭২,১০৭/- টাকা করে টিকেট পেলেও ১৩ ঘন্ট ৩৫ মিনিট ট্রানজিটের কারণে খেলোয়াড়দের কষ্টের কথা চিন্তা করে সিঙ্গাপুর এয়ার লাইসে কম ট্রানজিট হওয়ায় জনপ্রতি বিমান ভাড়া ১,২৫,০০০/- টাকার বাজেট দেয়া হয়।
- ২। বাফুফে ভবন হতে বিমান বন্দর যাওয়া-আসার এসি বাস ভাড়া ২৫,০০০/- টাকার বাজেট দেয়া হয়েছে। বাফুফের বাসটি নন এসি হওয়ায় সেটির পরিবর্তে খেলোয়াড়দের স্বস্তির জন্য এসি বাসের চিন্তা করা হয়েছে।
- ৩। ক্রীড়া সরঞ্জামাদি যেমন- জার্সি, টি-শার্ট, ট্রাকসুট, ব্যাগ, কেডস্, মোজা ইত্যাদি বাবদ বাজেটে খরচ উল্লেখ রয়েছে। বাফুফে প্রতিটি প্রতিযোগিতায় মানসম্মত এ সকল ক্রীড়া সরঞ্জামাদি খেলোয়াড়দের প্রদান করে থাকে, যার মাধ্যমে দেশের ভাবমূর্ত্তী উজ্জ্বল হয়।
- ৪। শুধুমাত্র ২২ জন খেলোয়াড়দের জন্য ৯ দিনের ভ্রমণে পকেট মানি বাবদ জনপ্রতি এককালীন ২০০ মার্কিন ডলার করে বাজেটে উল্লেখ রয়েছে।
- ৫। বিদেশে ফুটবল প্রতিযোগিতায় অংশগ্রহণের সময় কোন খেলোয়াড়/কর্মকর্তা অসুস্থ্য হলে চিকিৎসা, খেলোয়াড় ইনজুরি, রিফ্রেশমেন্ট, আসা-যাওয়ার পথে জরুরী খরচসহ বিবিধ কারণে ইমার্জেন্সি খরচ হিসেবে (যা ফেরৎযোগ্য) ৫,০০০ মার্কিন ডলারের বাজেট দেয়া হয়।
- ৬। বাংলাদেশ ফুটবল ফেডারেশন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রণালয় হতে কোন অর্থ প্রাপ্ত হলে তার নিয়ম অনুযায়ী ইভেন্ট শেষে খরচের বিল-ভাউচারসহ উক্ত অর্থের হিসাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।

বর্ণিত তথ্য প্রচারের মাধ্যমে দেশের খেলাধুলার বৃহত্তর স্বার্থে সংশ্লিষ্ট সকলকে বাফুফেকে সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

খালিদ মাহমুদ নওমী

মিডিয়া এক্সিকিউটিভ

বাংলাদেশ ফুটবল ফেডারেশন।